জাতীয় বিশ্ববিদ্যালয়

বাংলাদেশ

স্মারক-২৬ (১৪৩) জাতীঃবিঃ/আইসিটি/২০২১/গুগল ওয়ার্কস্পেস/ ৮৪৩৫ তারিখ: ২৮/০৭/২০২৫

প্রজ্ঞাপন

জাতীয় বিশ্ববিদ্যালয়ের সকল অধিভুক্ত কলেজ/শিক্ষাপ্রতিষ্ঠানসমূহের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত গুগল ওয়ার্কস্পেস-এর মাধ্যমে সরবাহকৃত জাতীয় বিশ্ববিদ্যালয়ের সাথে যোগাযোগের মাধ্যম হিসেবে ই-মেইল আইডিতে তথ্য হস্তান্তর এবং সফটওয়ার প্ল্যাটফর্ম ব্যবহারের একমাত্র অনুমোদিত মাধ্যম হিসেবে নির্ধারণ করা হয়েছে। এরই প্রেক্ষিতে, প্রতিটি কলেজ/শিক্ষাপ্রতিষ্ঠানসমূহকে আগামী ১৪ আগস্ট ২০২৫ তারিখের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের কলেজ প্রোফাইল সিস্টেমে (http://collegeportal.nu.ac.bd/) লগইন করে Notifications লিংকে গিয়ে Official email address and password অপশন থেকে নিজ নিজ কলেজ/শিক্ষাপ্রতিষ্ঠানসমূহের অফিসিয়াল ই-মেইল আইডি ও পাসওয়ার্ড সংগ্রহ করে https://mail.google.com/ থেকে লগ-ইন নিশ্চিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

১৪ আগস্ট ২০২৫ তারিখের পর থেকে সকল কার্যক্রম যথা-কলেজ প্রোফাইল, EMS, ইন্টিগ্রেটেড সল্যুশনস, ভর্তি কার্যক্রম, কলেজ পরিদর্শন দপ্তরের সংশ্লিষ্ট কার্যক্রম, একাডেমিক ও প্রশাসনিক যোগাযোগের জন্য কলেজের প্রচলিত ই-মেইল আইডির পরিবর্তে জাতীয় বিশ্ববিদ্যালয় প্রদত্ত অফিসিয়াল ই-মেইল আইডি প্রতিস্থাপন করা হবে।

জাতীয় বিশ্ববিদ্যালয়ে কোনো ই-মেইল পাঠানোর ক্ষেত্রেও শুধুমাত্র জাতীয় বিশ্ববিদ্যালয় হতে প্রদত্ত অফিসিয়াল ই-মেইল আইডি থেকে ই-মেইল পাঠাতে হবে। কলেজের প্রয়োজনে ব্যক্তিগত বা অন্য কোনো ই-মেইল থেকে পাঠানো কোনো বার্তা গ্রহণযোগ্য হবে না। উপরোক্ত বিষয়াদি প্রতিপালনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

অফিসিয়াল ই-মেইল আইডি সংগ্রহ বা ব্যবহার সংক্রান্ত যে কোনো জিজ্ঞাসার ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয়ের আইসিটি ডিপার্টমেন্টের সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সাথে যোগাযোগ করার অনুরোধ করা হলো। সংশ্লিষ্ট কর্মকর্তার নাম ও পদবি: মোঃ মোবারক হোসেন, সিস্টেম এনালিস্ট, ই-মেইল: mobarak.hossain@nu.ac.bd মোবাইল: ০১৯২৩-৫০৮৮০৬

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

২৮-০৭-২০২৫

মোঃ আব্দুল হাই সিদ্দিক সরকার
কলেজ পরিদর্শক
জাতীয় বিশ্ববিদ্যালয়
মোবাইলঃ ০১৭১১-৫৬৩৪০০

বিতরণ: অধিভুক্ত অধ্যক্ষ, সকল কলেজ/শিক্ষাপ্রতিষ্ঠানসমূহ

স্মারক-২৬ (১৪৩) জাতীঃবিঃ/আইসিটি/২০২১/গুগল ওয়ার্কস্পেস/ ৮৪৩৫ তারিখ: ২৮/০৭/২০২৫

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো জ্যেষ্ঠতা ক্রমানুসারে নয়) ঃ

১। পরিচালক (ভারপ্রাপ্ত), তথ্য ও প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ। **(পত্রটি বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটে-প্রকাশ ও অধিভুক্ত সংশ্লিষ্ট সকল বেসরকারি কলেজ/শিক্ষা প্রতিষ্ঠানে/গ্রুপ মেইলের মাধ্যমে প্রেরণের অনুরোধসহ)।**
২। সচিব, ভাইস-চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়।
৩। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস-চ্যান্সেলর-এর দপ্তর-১, জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ।
৪। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস-চ্যান্সেলর-এর দপ্তর-২, জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ।
৫। সহকারী রেজিস্ট্রার, রেজিস্ট্রার দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ।
৬। অফিস কপি।

২৮-০৭-২০২৫

মোঃ মোবারক হোসেন
সিস্টেম এনালিস্ট, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর
জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ।
ই-মেইল: mobarak.hossain@nu.ac.bd
মোবাইল: ০১৯২৩-৫০৮৮০৬